

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২০ বৈশাখ ১৪১৪/৩ মে ২০০৭

এস, আর, ও নং ৬৫-আইন/২০০৭।—আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আদেশ প্রকল্প জেলা আদালতে জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার নিয়োগ আদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং প্রকল্প মেয়াদকাল প্রকল্প জেলা আদালতে বলবৎ থাকিবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী না হইলে, এই আদেশে—

(ক) “আইন” অর্থ আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন);

(খ) “প্রকল্প জেলা আদালত” অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত প্রকল্প জেলা আদালত;

(গ) “জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার” অর্থ এই আদেশের দফা ৩ এর অধীন নিয়োগপ্রাপ্ত “জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার”।

(৫৫৪৭)

মূল্য ঃ টাকা ২.০০

৩। জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার নিয়োগ।—(১) প্রত্যেক প্রকল্প জেলা আদালত একজন জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার থাকিবেন।

(২) জেলা জজ তাঁহার অধীনে কর্মরত যুগ্ম-জেলা জজ পদের কর্মকর্তাগণের মধ্য হইতে একজন কর্মকর্তাকে জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার পদে নিয়োগ করিবেন এবং জেলা জজ কর্তৃক ভিন্নরূপ আদেশ না হওয়া পর্যন্ত তিনি উক্ত পদে বহাল থাকিবেন।

৪। জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার এর দায়িত্ব ও কর্তব্য।— জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রিটিভ অফিসার কেবলমাত্র প্রশাসনিক ও আধা-বিচারিক দায়িত্ব পালন করিবেন এবং তাঁহার অন্যান্য দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

- (ক) প্রকল্প জেলা আদালতের সকল বিভাগ ও শাখায় কর্মরত কর্মচারীদের কার্যক্রম পরিদর্শন, মনিটর ও সমন্বয় সাধন করা;
- (খ) জেলা জজ এর পূর্বানুমোদনক্রমে, আদালতের সহায়ক কর্মচারী নিয়োগের কার্যক্রম পরিচালনা করা;
- (গ) আদালতের কর্মচারীদের শৃংখলা বিধানের জন্য আবশ্যিকীয় ব্যবস্থা গ্রহণ করা এবং জেলা জজের পূর্বানুমোদনক্রমে উপর্যুক্ত শৃংখলামূলক (Disciplinary) ব্যবস্থা গ্রহণ করা;
- (ঘ) জেলা জজ এর পূর্বানুমোদনক্রমে, আদালতের জন্য আবশ্যিকীয় মালামাল (Logistics) খরিদ বা সরকারী মালখানা বা সুপ্রীম কোর্ট হইতে সংগ্রহ করা এবং তাহা বিচারক ও কর্মচারীদের মধ্যে বন্টনের ব্যবস্থা করা;
- (ঙ) আদালতের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির রক্ষণাবেক্ষণ এবং উক্ত সম্পত্তি বাবদ প্রদেয় খাজনা, কর ও অন্যান্য সার্ভিস চার্জ পরিশোধের ব্যবস্থা করা;
- (চ) সকল মোকদ্দমার আরজী, বিবিধ মোকদ্দমার দরখাস্ত, মেমো অব আপীল, লিখিত জবাব বা লিখিত আপত্তি সাময়িকভাবে গ্রহণ করা এবং আরজী বা মেমো অব আপীল রেজিস্ট্রির পর সমন ইস্যুর আদেশ প্রদান করা;
- (ছ) Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর Order V এর rule 20 অনুসারে বিকল্প পদ্ধতিতে সমন জারীর আদেশ দান করা;

- (জ) মোকদ্দমার বকেয়া বা ঘাটতি কোর্ট ফি বা সমন জারীর Requisite দাখিলের জন্য পক্ষগণকে প্রয়োজনীয় আদেশ দান করা;
- (ঝ) মোকদ্দমার নথি পর্যালোচনায় মোকদ্দমার ড্রাফট বা কোন পক্ষের গাফিলতি বা আদেশ অমান্যের জন্য কোন বিচারিক আদেশ প্রদান আবশ্যিক বিবেচিত হইলে তদুদ্দেশ্যে নথি সংশ্লিষ্ট আদালতে উপস্থাপনের ব্যবস্থা করা;
- (ঞ) নিলামের Writ জারীসহ সর্বপ্রকার ডিক্রি জারীর কার্যক্রম পরিচালনা করা;
- (ট) জেলা জজের নির্দেশনা মোতাবেক প্রশাসনিক বা আধা-বিচারিক প্রকৃতির যে কোন প্রকার তদন্ত বা অনুসন্ধান কার্য পরিচালনাপূর্বক তদ্বিষয়ে প্রতিবেদন দাখিল করা এবং অনুরূপ অন্য যে কোন প্রকার কার্য সম্পাদনে জেলা জজের সহায়তা করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আলী আশরাফ খান লোদী
ভারপ্রাপ্ত সচিব।